পূর্ণ আশির এক পার্শ্বব জীবনপথিক,—সমগ্র বাংলার হৃদয়ের কবি,—বিশ্বের ও কবি তিনি; ‘গীতাঞ্জলি’ রচয়িতা’ রবীন্দ্রনাথের প্রথম পরিচয় তিনি ‘কবিগুরু’, যার বহুমুখী প্রতিভার আলোকে বাংলাকাব্য সাহিত্য আজ বিশ্বসভায় উচ্চ আসনে সমাদৃত। শুধু কি তাই? অনন্য সুর ও বাণীতে ধ্বনিত তার সংগীত আজও জনমণকে আপ্ত করে; অক্লান্ত প্রচেষ্টায় গড়া তার শিল্প-সাহিত্য-সংস্কৃতির মিলনক্ষেত্র ‘শান্তিনিকেতনে’ আজ ও সমবেত হন বিশ্বের গুণীজন, — একাধারে কবি, সাহিত্যিক, দার্শনিক, সমাজ ও স্বদেশবাদী, শিক্ষাগুরু ‘গুরুদেব’, কতরূপেই না তিনি পরিচিত! তবুও, আজকের পৃথিবীতে দাড়িয়ে তাঁকে যখন দেখি, মনে হয় আজীবন ‘মানবতার’ সাধক এই মরমী মানুষটির অন্যতম শ্রেষ্ঠ পরিচয়, তিনি চিরকালীন মানুষের ‘চিরসখা’, — একদিন নম্রবচনে যিনি আপন পরিচয় ব্যক্ত করেছিলেন,—....“মোর নাম এই বলে খ্যাত হোক, / আমি তোমাদের লোক/ আর কিছু নয়/ এই হোক শেষ পরিচয়।” (সংযুক্তিতা)(পরিচয়)

পিতৃলব্ধ বৈদিক অধ্যাত্মদর্শন কিশোর রবির চেতনায় ‘ধ্রুবপদের’ মত সহজ সুরে গাঁথি গিয়েছিল, জীবনভর তিনি সেই সাধনাই করেছেন। তবে ‘বৈরাগ্যসাধনে’ নয়, তার সৌন্দর্য্যপিপাসু কবিমন জীবনদেবতাকে চেয়েছিল অন্তরতম সাথীরূপে,— “পাহু তুমি, পাহুজনের সখাহে/পথে চলাই সেই তো তোমায় পাওয়া....”। তাই গ্রহতারকা-চন্দ্রতপন খচিত আকাশ বাতাস আলোর নীচে ধূলিময় মাটির পৃথিবীর পথে, পথিক কবি ঘাসে ঘাসে পা ফেলে ‘বিশ্বভরা প্রাণকে’ দেখেছেন,—“বিশ্বসাথে যোগে যেথায় বিহারো, সেইখানে যোগ তোমার সাথে আমারো,—সবার পানে যেথায় বাহু পসারো, সেইখানেতেই প্রেম জাগিয়ে আমারো...” (পূজা: গীতবিতান)। রূপগন্ধবর্ণময় বিশ্বপ্রকৃতিতে অন্তরীণ এই বিপুল মানবজগত মাঝেই তার বিশ্বধাতার অধিষ্ঠান, এই সত্য উপলব্ধিই তাকে মানবপ্রেমে জাগ্রত করেছিল আত্মার মর্তনিকেতন এই মায়াময় ধরনিকে ভালবেসে তিনি ঘোষণা করেছিলেন, — মরিতে চাহিনা আমি সুন্দর ভুবনে মানুষের মাঝে আমি বাঁচিবার চাই, এই সূর্য করে, এই পুষ্পিত কাননে, জীবন্ত-হৃদয় মাঝে যদি স্থান পাই...। (সংযুক্তিতা)। পরবর্তীকালে পরলোকতত্ত্বে বিশ্বাসী কবি যখন তার একান্ত প্রিয় আপনজন—‘নতুন বৌঠান’, জ্যোতিদাদা, ‘ভাইছুটি’ (মৃণালিনীদেবী), রাণী-বেলি, কনু ও অন্যান্য প্রিয়বন্ধুদের সাথে প্রানচেটে যোগাযোগ করছেন, বন্ধু মনিলাল গঙ্গোপাধ্যায় এর আত্মাকে বলেন, —“আমি এত ভালবাসি এই পৃথিবীকে, মৃত্যুর পরে এই পৃথিবীর সৌহার্দ্য কি পাব না?”

তবুও, অনেকে সমালোচনা করেছিলেন রবীন্দ্রনাথ সাধারণ বা পল্লীবাসীদের থেকে দূরে ছিলেন, তাদের কথা তেমন লেখেন নি (যা বাংলার কথাশিল্পী শরৎচন্দ্র, মানিক, তারাশঙ্কর, বিভূতিভূষণের সাহিত্যে পাওয়া যায়)। কিন্তু সমগ্র রবীন্দ্র জীবনও সাহিত্য আলোচনা করলে জানা যাবে, কি ভ্রান্ত এই ধারণা! (একথা ভুলে গেলে চলবে না, উল্লিখিত পল্লীও মানবদরদী কথাশিল্পীরা প্রত্যেকেই রবীন্দ্রনাথের উত্তরসূরী, তার গঠিত সাহিত্যের পথ বেয়েই আপন-আপন ধারায় প্রতিভাত হয়েছিলেন, তাই সে ক্ষেত্রে তুলনার প্রশ্ন বাহুল্য নয় কি?) একথা সত্য, প্রথম জীবনে সৌখিন কবির পরিধি শিক্ষিত ও ব্রাহ্মসমাজেই সীমিত ছিল। কিন্তু এই ভাবুক মানুষটিই যখন কর্মী জমিদার রূপে বাংলাদেশের অতি অভ্যন্তরে পল্লীপ্রকৃতি ও সাধারণের,—দুঃখেসুখে ভরা লোক সমাজ মাঝে এসে-ছিলেন, জীবনের এই সন্ধিক্ষণ তাকে দিয়েছিল এক নতুনপথের দিশা, এক নতুন দৃষ্টিভঙ্গী— “বাংলাদেশের নদীতে নদীতে, গ্রামে গ্রামে ঘুরে বেড়াচ্ছি, এর নতুনত্ব চক্ষু বৈচিত্র্যের নতুনত্ব...। অহরহ সুখদুঃখের বানী নিয়ে মানুষের জীবনধারার বিচিত্র কলরব... মানুষের পরিচয় খুব কাছে এসে আমার মনকে জাগিয়ে রেখেছিল। তাদের জন্য চিন্তা করেছি, কর্তব্যের নানা সংকল্প বেধে তুলেছি, সেই সংকল্পের সূত্র আজিও ছিন্ন হয়নি আমার জীবনে...। সেই মানুষের সংস্পর্শেই সাহিত্যের পথ, কর্মের পথ পাশাপাশি প্রসারিত হল আমার জীবনে”। (ভূমিকা, সোনারতরী) এই মানবচেতনাতেই সুখদুঃখ কান্নাহাসির দোলদোলানো চলমান জীবনের বিভিন্ন পরিস্থিতি এবং জীবন্ত-হৃদয়ের শতমুখী আবেগ প্রতিফলিত হয়েছিল তার সাহিত্যের বিভিন্ন ধারায়,—কাব্য-নাট্য কাহিনী-গীতি-ছোটগল্প-উপন্যাস ও প্রবন্ধে। উপেন-ফটিক-ছিদাম, পোষ্টমাষ্টার-রতন-রামকানাই, চারুমিনি-মৃন্ময়ী, বিনু-মৃণাল-কুড়ানি, আমল-ঠাকুরদা যতীন, কাবুলিওয়ালা বিপ্রদাস,—দীনদরিত্র, রাজাপ্রজা অজস্র চরিত্রগুলি যে তারই সত্যপ্রত্যক্ষ জীবন্ত-হৃদয়েরই প্রতিচ্ছবি! সুক্ষ অনুভূতি আর দরদে রচিত এই চরিত্রগুলি কিন্তু কখনোই তিক্ত বা নির্মমরসে প্রকাশিত হয় নি, যা বর্তমান

সাহিত্যে পরিষ্কৃত! 'দেবতার গ্রাস' এ কঠোর আচারনিষ্ঠ মৈত্রমশাই এর আত্মত্যাগ কিংবা 'অনধিকার প্রবেশ' এর শুচিবায়ুগ্রস্তা পত্নীবিধবা জয়কালীর অশুচি অবলা জীবকে করুণা— সে যে মানবতারই জয়ধ্বনি! তার একটি মাত্র গল্প ব্রাত্য পতিদের নিয়ে, 'বিচারক' এর ক্ষীরোদার বাল্যপ্রেম নিষ্ঠা স্বর্গীয় মহিমায় প্রকাশিত। অসামান্য মানবিক আবেদনে মূর্ত তার রাইচরণ (খোকাবাবুর প্রতীবর্তন) ও কেঠার (পুরাতন ভৃত্য) চরিত্রচিত্রণ— যে কোন সাহিত্যে বিরল! এই সব ক্ষুদ্র-তুচ্ছ-অধমের মাঝে কবি জেনেছিলেন,— “যেথায় থাকে সবার অধম, দীনের হতে দীন/, সেইখানে যে চরণ তোমার রাজে/ সবার পিছে, সবার নীচে/ সবহারাদের মাঝে...”। (গীতাঞ্জলি)।

জীবনভর কবিত্বের বিশ্বের বহু বরণে মনীষীদের (রোঁমারঁলা, ইয়েটস, ওকাম্পো, গান্ধী, নিবেদিতা) শ্রদ্ধা ও সম্মানে ভূষিত হয়েছেন, তবুও, কোনদিনই তিনি ভোলেন নি তার দেখা সেই সব দীনদরিদ্র প্রজাদের ভালবাসার পবিত্র রূপ। প্রাক্তন ডাকাতের সর্দার, বুড়ো মুসলমান প্রজা রূপচাদ, সরল শিশুর মত ভালবেসে তাকে বলতো—“তোমার চাঁদমুখ দেখতে এলাম...”। “এমন কি অন্য জমিদারের প্রজাদের সে ধরে এনে বলতো,—... আমাদের কর্তা... এমন চাঁদমুখ তোরা দেখেছিস?” প্রাক্ত জীবনকালে বসে গভীর মমত্বে ‘হিন্দুপত্রের’ কবি স্মৃতিচারণ করেছেন সেই হতদরিদ্র চাষিটিকে, যার খাজনা মাপ করে দেওয়া সত্ত্বেও, একদুটো যে বাড়ী থেকে একটা টাকা এনে দান করেছিল তাকে,—“আমরা না দিলে তোরা খাবি কি?” তাদের শ্রদ্ধা ও ভালবাসায় স্নাত কবি শিখেছিলেন,— “ভালবাসায় ভগবানের চেয়ে ভক্তই বড়” এবং এই সত্য,—“যতক্ষণ না সভ্যতার মাঝখানে স্বচ্ছ সরলতার প্রতিষ্ঠা হয়, ততক্ষণ সভ্যতা কখনোই সম্পূর্ণ হবে না...”। তাই লালন-ফকির, গগনহরকরাদের মতো চারণ বাউলদের সহজ পল্লীগানের সুবন্ধ কবি চিনেছিলেন সহজ জীবনতত্ত্ব,—“আমার প্রাণের মানুষ আছে প্রাণে, তাই হেরি তাই সকলখানে...”।

অন্তমুখী জ্ঞানের আলোকে, তিনি চলার পথে সর্বপ্রকারের মানুষকেই দেখেছিলেন, কিন্তু তার মত সৌন্দর্য্য-সম্মানের চক্ষে নারীমূর্তিকে খুব কম লোকই শ্রদ্ধা জানিয়েছেন। যদিও পুঁথিগত ভাবে, নারীজাতি সমাজের অপরিহার্য অংশ হিসাবে পুরুষের সমকক্ষ এবং শ্রদ্ধার আসনে সম্মানিত, বাস্তবে অনেকক্ষেত্রেই তাদের স্থান অন্তজ-অবহেলিত রূপেই প্রকাশিত। সুদূর প্রসারী দৃষ্টি দিয়ে দরদী মানবশিল্পী বুঝেছিলেন অন্তর্জাতিকে সবার এই মঙ্গলকারী নারীজাতিকে সমাজ ও দেশের কল্যাণে যোগ্য শ্রদ্ধা ও সম্মানের আসনে স্থাপন করাই শ্রেয় এবং আকাঙ্ক্ষিত ধর্ম, তাই তার বিনয় (গোরা) বলেছে, — “আমরা দেশকে বলি মাতৃভূমি, কিন্তু দেশের এই নারীমূর্তির মহিমা দেশের স্ত্রীলোকের মধ্যে যদি প্রত্যক্ষ না করি, বুদ্ধিতে শক্তিতে কর্তব্যবোধের ঔদার্য্য আমাদের মেয়েদের যদি পূর্ণ পরিণত সতেজ সবার ভাবে না দেখি-ঘরের মধ্যে দুর্বলতা সংকীর্ণতা এবং অপরিণতি যদি দেখতে পাই- তা হলে কখনোই দেশের উপলব্ধি আমাদের মধ্যে উজ্জল হয়ে উঠবে না...”।

ঈশ্বর-প্রকৃতি-সমাজ-স্বদেশ-বিশ্ব সব একাকার হয়ে মানব সৌন্দর্য্যেরমূর্তিতে সদাজাগ্রত ছিল তাঁর মনে। জীবনের প্রথম থেকেই মাটির মা পৃথিবী তার কাছে মাতৃরূপে দেখা দিয়েছিল; ইংলান্ডে প্রবাসকালেই ভারতবর্ষকে তিনি আপন ‘মা’ বলেই উপলব্ধি করেছেন— “হতভাগ্য বেচারী ভারতভূমিকে আমার সত্যি সত্যি মা বলে মনে হয়... আমার আজন্মকালের যা কিছু ভালবাসা যা কিছু সুখ, সমস্তই তার কোলের উপর আছে...(হিন্দুপত্রাবলী)।” পাশ্চাত্য শিক্ষার প্রভাবে ভারতের সেই নবজাগরণের যুগে, সমাজ ও স্বদেশ সংস্কারের যুগে,—দেশাত্মবোধে জাগ্রত বহু সমাজ ও স্বদেশবাদী মনীষি রাষ্ট্রনেতাদের মত যুগচেতনায় সচেতন রবীন্দ্রনাথ ও দেশসেবায় সক্রিয় ভাবে আত্মনিয়োগ করেন। ঋষি বঙ্কিমচন্দ্রের দেশমাতৃকার স্তব ‘বন্দে মাতরমে’ কবি রবীন্দ্রনাথ সুর সংযোজন করে দেশাত্মবোধক সংগীতটিকে সারাভারতের কাছে জনপ্রিয় করেন। এছাড়াও নিজেও তিনি স্বদেশী ও জাতীয় সংগীত রচনা করেন। তার ‘একসূত্রে বাঁধিয়াছি’, ‘বাংলার মাটি’, ‘আজি বাংলাদেশের হৃদয় হতে’, ‘হে মোর চিন্তা’ ইত্যাদি বহু সংগীত এবং ‘বঙ্গভঙ্গর’ প্রতিবাদে তার একান্ত প্রচেষ্টায় ‘রাখীবন্ধনের’ মত স্বদেশী উৎসব হিন্দু-মুসলমান নির্বিশেষে বিপুল মুগ্ধ মানসকে উদ্দীপিত করেছিল। কিন্তু রবীন্দ্রনাথের মত মহাকবির জাতীয়তাবোধ ও স্বদেশ চেতনা সম্পূর্ণ স্বতন্ত্র ছিল। প্রকৃত সত্তায় তিনি ছিলেন সহজমত্যা সুন্দরের উপাসক, জটিলকুটিল রাজনীতির চেয়ে ও বড় ছিল তার সর্বজন কল্যাণস্পৃহা। তাছাড়া তিনি বুঝেছিলেন, ... পরাধীনতা বলতে কেবল পরজাতির অধীনতা বোঝায় না, আত্মীয়ের অধীনতাতেও অধীনতার গ্লানি আছে...। ... সম্মিলিত আত্মকর্তৃত্বের চর্চা, তার পরিচয়, তার সমন্ধে গৌরববোধ জনসাধারণের মধ্যে ব্যপ্ত হলে তবেই সেই পাকা ভিত্তির উপর স্বরাজ সত্য হয়ে উঠতে পারে। যখন দেশের লোকের অন্তের অভাব, শিক্ষার অভাব, স্বাস্থ্যের অভাব, জ্ঞানের অভাব, আনন্দের অভাবের মূল হয়ে উঠেছে, তখন দেশের জনসংঘের এই চিন্তা দৈন্যকে ছাড়িয়ে উঠে কোনো বাহ্য অনুষ্ঠানের জোরে এদেশে স্বরাজ কায়ম হতে পারে, একথা একেবারেই অশ্রদ্ধেয়...”।

(কালান্তর)। তাই তান বাংলা মায়ের আর এক সন্তান মানবদরদী স্বামী বিবেকানন্দের মতই সক্রিয় রাজনীতি থেকে দূরে গিয়ে প্রকৃত জনকল্যাণ কর্মে ব্রতী হন। তার ব্রহ্মাচার্য্যশ্রম, বিশ্বভারতী, শ্রীনিকেতন, কৃষি ও শিল্প উন্নয়নের বিবিধ কর্মপ্রতিষ্ঠার মূলপ্রেরণাই ছিল দেশবাসীর সেবা। কিন্তু যার ধ্যানমন্ত্রে দেশজননী সদাপূজিত, যার চেতনায় স্বদেশবাসী সদাজাগ্রত, যা কিছু জনকল্যাণকারী, যা কিছু শ্রেয়, তাকে বার বার মুক্তকণ্ঠে তিনি স্বীকার করতে দ্বিধা বোধ করেন নি। স্বদেশিকতার পটভূমিকায় ঘরে বাইরে, গোরা, চার অধ্যায় ও বহু স্বদেশী ও জাতীয় সংগীত রচনা করে দেশবাসীকে প্রভাবিত করেছিলেন। তার গোরা, অমূল্য-নিখিলেশ-সূচরিতা-আনন্দময়ী-এলাঅতীন, যেমন স্বমহিমায় উজ্জ্বল, আবার কপট দেশপ্রেমিক সন্দীপ-বটুর চরিত্রগুলি সমাজের ক্ষতকে প্রকাশ করেছে। তাঁর বিপ্লবীনাটক অনিল (বদনাম) যে রবিঠাকুরের আমারে বাঁধবি তোরা সেই বাধন কি তোদের আছে- গাইতে গাইতে পুলিশপ্রহরীকে ফাঁকি দিয়ে পলাতক হতে সাহস পায়। স্বদেশচেতনায়, সত্যার্থ দেশপ্রেমিক মানবদরদী গান্ধীকে তিনি মহাত্মা বলে শ্রদ্ধা জানান, আবার দেশবন্ধুর মৃত্যুতে শোকাহত কবি লেখেন অমর বানী-“এনেছিলে সাথে করে মৃত্যুহীন প্রাণ মরণে তাহাই তুমি করে গেলে দান...”। হিজলী চট্টগ্রামে কারাবন্দীদের নির্মম হত্যার যেমন উচ্চকণ্ঠে বিদ্রোহ জানান, তেমনি জালিওয়ানাবাগে মানবতার নির্মম নিধনযজ্ঞের বিরুদ্ধে বলিষ্ঠ স্বয়ংসম্পূর্ণ প্রতিবাদের পিছনে ছিল তাঁর সুগভীর মানবপ্রেম। তার রচিত সোনার বাংলা এবং জনগণমন অধিনায়ক আজও দুই স্বাধীন দেশ - বাংলাদেশ ও ভারতের মানুষের কাছে জাতীয় সংগীত রূপে সমাদৃত। তার মত মানবদরদী কবিই পারে এমন ভাবে দেশবাসীকে অনুপ্রানিত করতে!

পরবর্তী দেশজীবন ও জগৎদর্শন

যেমন মহাকবির অন্তর ব্যথিত করেছিল, তেমনি সাম্প্রদায়িক বিদ্বেষ ও জাতিভেদ প্রথা তাঁকে মর্মান্বিত করেছিল বারে বারে। কর্মী জমিদারের প্রথম কর্তব্য হিসাবে পূণাহোর দিনই তিনি জাতি ও সাম্প্রদায়িক ভেদপ্রথার বিরুদ্ধে কঠোর প্রতিকার পস্থা গ্রহণ করেন; আজীবন তিনি ভেদপ্রথার বিরুদ্ধে প্রতিবাদ জানাতে দ্বিধাবোধ করেন নি। তাই তার বিব্বন (রাজর্ষি) বলে, “আমি সন্ন্যাসী, আমার কোন জাত নেই। আমার জাত মানুষ... ভগবানের সৃষ্ট মানুষ যখন মানুষের প্রেম চাহিতেছে, তখন বা কিসের জাত, বিবেকানন্দ ছায়ায় গঠিত তার গোরা তাই বলেছিল, ভারতবর্ষকে আমি প্রাণের চেয়ে ভালবাসি।... আমি আজ ভারতীয়, ভারতবর্ষের সকলেরই জাত আমার জাত, সকলের অনু আমার অনু...”। তার লেখা, “হে মোর দুর্ভাগা দেশের মর্মবাণী শুধু দেশবাসীরই নয়, মানুষের অধিকার বঞ্চিত নিপীড়িত অবহেলিত চিরকালীন মানুষেরই প্রতিবেদন। রবীন্দ্র বিশারদ মৈত্রেয়ী দেবী বলেছেন, “কেন্দ্র লোকান্তর কবির কাছে কোনো দেশ এমন আনুগত্য পায় নি।... তিনি সমস্ত বাস্তবতার ভিতর দিয়ে আদর্শকে স্পর্শ করেছেন... ক্ষুদ্রের ভিতর দিয়ে বৃহৎ জানা, সীমার ভিতর দিয়ে যে অসীমের অনুভব, বিশেষের ভিতরে যে বিশ্বরূপ দর্শন, তা আমরা রবীন্দ্র জীবন ও কাব্যে সমান ভাবে পাই...”। (মংপুতে রবীন্দ্রনাথ)

কবিগুরু রবীন্দ্রনাথ মনে করতেন, “সকল ধর্মের শ্রেষ্ঠ ধর্ম সর্বজীবে দয়া। প্রেম হচ্ছে ধর্মের মূল ভিত্তি...”। প্রেম-করুণা শান্তির বানী নিয়ে পৃথিবীতে যুগবতার মহাপুরুষরা বারে বারে মানব ধর্মকে স্থাপন করেছিলেন, কবি তাদের সবার কাছেই দীক্ষিত। প্রেম ও ভক্তিসিদ্ধি বৈষ্ণব কাব্য তার সাহিত্য চেতনাকে রসসিক্ত করেছে, তেমনি করুণাময় বুদ্ধের সর্বজন কল্যাণবাণীতে বিকশিত হয়েছে তাঁর কাব্য ধারা, -নটীর পূজা, শ্রেষ্ঠ ভিক্ষা, চন্ডালিকা প্রভৃতি কাব্য কাহিনী তার দৃষ্টান্ত। বিংশ শতাব্দীতে পৃথিবী যখন হিংসায় উন্মত্ত, মানবধর্ম বিপর্য্যস্ত, ব্যকুল ব্যথিত চিন্তে কবি প্রার্থনা করেছেন, -নতুন তব জন্ম লাগি কাতর যত প্রাণী, -কর ত্রাণ মহাপ্রাণ, /আন অমৃতবাণী, বিকশিত কর প্রেমপদ্ম চিরমধু নিষ্যন্ত, /শান্ত হে, মুক্ত হে, হে অনন্তপূণ্য /করুণাঘন ধরনীতল কর কলঙ্কশূণ্য...। ১৯৪০ সালে, মংপুতে, সভ্যশিক্ষিত অতিথি বর্জিত তার জন্মোৎসবে, সমাগত বুদ্ধের ভক্ত পাহাড়ী আদিবাসীরা তাকে জানিয়েছিল প্রভুর আর্শীবচন; বনফুল আর তাদের সরল ভালবাসা প্রণামে ধন্য-হৃদয় কবি পেয়েছিলেন শ্রেষ্ঠ উপহার-“আমি যেন তাদের প্রণামের যোগ্য হতে পারি। দীর্ঘ তাঁর জীবন পথ, কত শত মানুষের পরশ তিনি পেয়েছেন, পেয়েছেন তাদের ভালবাসা, যে ভালবাসার মধ্যে তিনি মনে করতেন, “...আমার বিশ্বাস, আমাদের সব স্নেহ, সব ভালবাসাই রহস্যময়ের পূজা...কেবল সেটা আমরা অচেতন ভাবে করি...। যে জগতব্যাপী আকর্ষণ শক্তিতে সমস্ত ভ্রাম্যমাণ বিশ্বজগত একসূত্রে বাঁধা,...সেই আকর্ষণেই আমরা বিশ্বের মধ্যে সৌন্দর্য্য, হৃদয়ের মধ্যে প্রেম অনুভব করি...”। (ছিন্নপ্রতাবলী)। তাই নতুন প্রজন্মের অগণিত কনিষ্ঠ ভক্ত অনুরাগীদের তিনি বলতেন, - “মানুষের দিকে চেয়ে দেখো, তাদের জন্য কর, ভালবাস।”

পৃথিবীর কবি রবীন্দ্রনাথ জীবনভর দেখেছেন, শুনেছেন, চিনেছেন তবুও, বিপুল এ পৃথিবীর মানুষকে না জানার খেদ

রয়ে গিয়েছিল তার মনে, তাই, পারগত কালে 'ঐকতান' কাব্যতায় অকপট চিত্তে সেই আক্ষেপ স্বীকার করেছেন,^৬ সবচেয়ে দুর্গম যে মানুষ আপন অন্তরালে/ তার পূর্ণ পরিমাপ নাই বাহিরের দেশে কালে/ সে অন্তরময়/ অন্তর মিশালে তবে তার অন্তরের পরিচয়।/ পাইনে সর্বত্র তার প্রবেশের দ্বার/ বাধা হয়ে আছে মোর বেড়াগুলি জীবনযাত্রার/ চাষি ক্ষেতে চালাইছে হাল/ তাঁতি বসে তাঁত বোনে/ জেলে ফেলে জাল।/ বহুদূর-প্রসারিত এদের বিচিত্র কর্মভার/ তারি পরে ভার দিয়ে চলিতেছে সমস্ত সংসার/ অতি ক্ষুদ্র অংশে তার সম্মানের চির-নির্বাসনে/ সমাজের উচ্চমঞ্চে বসেছি সংকীর্ণ বাতায়নে।/ মাঝে মাঝে গেছি আমি ওপাড়ার প্রান্তণের ধারে/ ভিতরে প্রবেশ করি সে শক্তি ছিল না একেবারে/ জীবনে জীবন যোগ করা/ নাহলে কৃত্রিমপণ্যে ব্যর্থ হয় গানের পসরা/ তাই আমি মেনে নিই সে নিদার কথা/ আমা সূরের অপূর্ণতা/ আমার কবিতা, জানি আমি কালেও বিচিত্র পথে হয় নাই সে সর্বত্র গামী। (ঐকতান-সংকলিত), নম্রতা, শ্রদ্ধা ও সহমর্মিতায় তিনি ধরনীর মানুষকে ভালবেসেছিলেন তাই শুধু নয়, তারা যে পৃথিবীর সাথী-তাদের ভালবাসা পাবার কান্দাল ও তিনি ছিলেন। শঙ্কা ছিল মনে, যখন পড়বে না তার পায়ের চিহ্ন এই বাটে, তখন কি তারা মনে রাখবে তাকে? তাই ভালবেসে অনুরোধ করেছিলেন, "এই কথাটি মনে রেখো / তোমাদের এই হাসিখেলায় / আমি যে গান গেয়েছিলাম মনে রেখো.../"

রবীন্দ্র স্নেহধন্য মৈত্রেয়ী দেবী শ্রদ্ধেয় কবির প্রসঙ্গে বলেছেন, — "তিনি সমস্ত দেশের যথার্থ গুরু ছিলেন, সমস্ত দেশকে তিনি জাগ্রত করে ছিলেন নির্মল পরিচ্ছন্ন বুদ্ধির মধ্যে...। কিন্তু তিনি কখনোই নিজেকে উচ্চমঞ্চে তুলে উপদেশ বর্ষণ করেন নি। মানুষের হৃদয়ের সখা হয়ে তিনি প্রবেশ করেছেন, সখা হয়ে তিনি গড়ে তুলেছেন আমাদের। ... উনি শুধু পরমপূজনীয় গুরুদেব নয়, মহাপ্রতিভাশালী লেখক নন, উনি মানুষের হৃদয়ের সখা।" (মংপুতে রবীন্দ্রনাথ)

কবি একদা উপলব্ধি করেছিলেন যে, - "এই প্রাচীন পৃথিবীতে কেবল সৌন্দর্য্য এবং মানুষের হৃদয়ের জিনিসগুলো কোনোকালেই পুরোনো হয় না, তাই এই পৃথিবীটা তাজা রয়েছে এবং কবির কবিতা কোনোকালেই একেবারে নিঃশেষ হয়ে যায় না (হিঙ্গুপত্র)...।" আবহমান কাল থেকেই, সভ্যতা সংস্কৃতির ইতিহাসে স্বীকৃত বেদব্যাস-বাল্মীকী-কালিদাস, হোমার-দান্তে-শেক্সপীয়ার-প্রমুখ বিশ্বজনীন মনীষীদের মত আমাদের কবিগুরু রবীন্দ্রনাথ ও তার কালজয়ী সাহিত্য সৃষ্টির মাধ্যমে, বিশ্বের চিরকালীন মানবসমাজকে আপন করেছেন, তাই চিরকালীন বিশ্ব-মানব-হৃদয়েই তিনি বিরাজ করবেন। তাই হয়তো, সুদূর-দূর অনাগত শতকের কোনও জীবনপথের পথিক আজকের মতই তার চিরসখা কবিকে স্মরণ করে, তারি সুরে গেয়ে যাবে,—

"...পাহুতুমি, পাহুজনের সখা হে,
পথিকচিত্তে তোমার তরী বাওয়া...।।" (গীতবিতানঃপূজা)

তথ্য অনুসন্ধান—

রবীন্দ্ররচনাঃ 'হিঙ্গুপত্রাবলী', 'গীতবিতান', 'সংকলিত', 'গল্পগুচ্ছ', 'উপন্যাস সমগ্র', 'কালান্তর', 'গীতাঞ্জলি', 'সোনারতরী'।।

শ্রীমতী মৈত্রেয়ী দেবী — "মংপুতে রবীন্দ্রনাথ।"

শ্রী অমিতাভ চৌধুরী — "রবীন্দ্রনাথের পরলোকচর্চা।"

*সংক্ষিপ্ত আকারে রচনাটি রবীন্দ্র জন্মোৎসবে পঠিত।

গ্রাম বনাম ভিলেজ

সুন্সু দাশ

বাংলার গ্রাম, কবির ভাষায় - “ছায়া সুনিবিড়, শান্তির নীড়, ছোট ছোট গ্রামগুলি”। মাটির ঘর, খড়ের চালা, ঝকঝকে নিকনো উঠোন। উঠোনের চারিদিকে দু-চারটে গাছ, হয়ত বা একটা গরু বাঁধা রয়েছে। পুকুর পার। আঁকা বাঁকা পথ। দু-পাশে আল-দেওয়া ক্ষেতের জমি, ফসল হোয়েছে বা হয় নি। মাঝখান দিয়ে চলে গিয়েছে গাঁয়ের সড়ক। গরুর গাড়ীর চাকা কাঁচা রাস্তার বুকের ওপর গাড়ীর দুটো সমান্তরাল দাগ টেনে দিয়েছে। তাল-সুপুরির গাছগুলো এক পায়ে দাঁড়িয়ে মাথা দোলাচ্ছে। ভোরের আলোয়, ভড়-দুপুরে, সন্ধ্যার অন্ধকারে বা নিঝুম রাতে সবসময়েই যেন গ্রামের এক শান্ত-সমাহিত রূপ। প্রকৃতির নিরিবিলি আনন্দ নিকেতন। বাউল একতারায যার সুর বাঁধে - “ঐরাঙ্গা মাটির পথ কার মন ভোলায় রে”।

সে পথ নয়, সে দেশও নয়। অনেক অনেক দূরে। চলেছি Vancouver শহরের উত্তরে। বাংলার গাঁ-য়ের মেটো পথ নয়। Sea to Sky Highway- ডানদিকে পাহাড়ের গা-ঘেষে ঐকে বেকে উঠছে আর নামছে। বাঁ-দিকে নীচেই সমুদ্রের নীল জল কোথাও একটু দূরে কোথাও খুব কাছে চলেছে সাথে সাথে। বাহন অবশ্য গরুর গাড়ী নয়, Subaru Forester- শৌ শৌ করে ছুটছে। গন্তব্যস্থল Whistler. সারা রাস্তাটাই জঙ্গলের বুক চিরে পাথর কেটে তৈরী। Vancouver আর Whistler এর প্রায় মাঝপথে পড়ে একটা বড় টাউন, Squamish. এখানে রয়েছে পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম monolithic granite rock, StawamusChief. লোকে বলে Chief, জিব্রাল্টার রকের পরই এর স্থান। সোজা মাথা চাড়া দিয়ে ২১৩৯ ফুট উঠে গিয়েছে আকাশের দিকে। Rock Climbers দের চূড়ান্ত পরীক্ষক! Chief এর একটু আগেই প্রচন্ড আওয়াজ করে ১১০৫ ফুট ওপর থেকে দুর্নিবার বেগে পাহাড়ের গা-বেয়ে ঝড়ে পড়ছে Shannon Falls.

Squamish থেকে প্রায় একঘন্টা পরে পৌঁছালাম Whistler এ - Canada'র বৃহত্তম Ski Resort, Skiers দের সূর্য। শুনলাম সুইজারল্যান্ড এবং ইউরোপের নামকরা Ski Resort গুলোর সঙ্গে পাল্লা দিচ্ছে। Whistler mountain এর পাদদেশে দিনের আলোয় ঝলমল করছে Whistler Village. মনে হয় যেন একটা Picture postcard. ঘর-বাড়ী, দোকান-পাট, হাট-বাজার, রাস্তা-ঘাট সর্বত্রই প্রাচুর্যের বিজ্ঞাপন আর বড়লোকমী। ট্যুরিস্টদের ভীড়, বিভিন্ন জাতির মুখ, বহু ভাষার কলরব। Village এর বাংলা মানে যদি গ্রাম হয় তাহলে এটা কি ধরনের গ্রাম? কোথায় চালাঘর, কাদামাটির পথ, গরুরগাড়ী? কোথায় ঘোমটাটানা মায়ের কোলে লুকিয়ে থাকা শিশুর সরল মুখ? কোথায় কাদামাথা, পেটমোটা, কোমরে লাল-সূতোয় মুনসি বাঁধা ছেলে-মেয়ের দল? এটা গ্রাম নয়, Village. Village Square এ লোক গিজ গিজ করছে। Still, Digital আর Video camera'র ছড়াছড়ি। লাল-হলদে festoon গুলো হাওয়ায় দুলছে, সারি সারি ফুলের ঝুড়ি চারদিক রঙীন করে রেখেছে। কাঠের নিশানা নির্দেশ দিচ্ছে কোনদিকে Whisky Resort, কোনদিকে Gondola Ride? Village Stroll বা Skiers Way কোথায় নিয়ে যাবে? কাউকে জিজ্ঞেস করতে হবে না, “নিশ্চিন্দপুর কোনদিকে?” কেড বলবে না, “পো-টেক রাস্তা বাবু সোজা উত্তরে চলে যান।” Village Square এ হাঁটতে হাঁটতে হটাৎ নজরে পড়ল Tapas Restaurant. মনে হোল, আমাদের তাপস আবার কবে এখানে রেষ্টুরেন্ট খুললো? না, ওটা একটা Spanish খাবারের দোকান।

এবার Gondola চাপার পালা। নীচে থেকে দেখা যায় কাঁচ দিয়ে ঘেরা বাক্সগুলো হেলতে দুলতে ওপরে উঠছে মোটা মোটা Cable বয়ে। যত ওপরে উঠছে ততই ছোট হোয়ে যাচ্ছে। সারি বেঁধে একদিক দিয়ে উঠছে আর অন্যদিকে নামছে Gondolaগুলো। Gondola এসে থামলো ৬০৩০ ফুট উঁচুতে Round House Resortএ। বাইরে আসতেই ঠান্ডা একটা দমকা হাওয়া এসে গায়ে লাগলো। দেখলাম উন্মুক্ত ধূসর-নীল আকাশের নীচে দিগন্তব্যাপী পাহাড় আর পাহাড়। কোন কোন পাহাড়ের চূড়া বরফে ঢাকা রয়েছে। কি অপূর্ব দৃশ্য! এখান থেকে আরও ওপড়ে Ski area. শীতকালে গভীর বরফে সব ঢাকা থাকে। Chair carএ Skiersরা ওপরে ওঠে downhill ski করার জন্যে। এখন গরমকাল, বরফ নেই Skiersও নেই। বিরাট এক ঘেরা চত্বরের মধ্যে রয়েছে Restaurant, Gift shop, Info-Centre, Offices, Rest rooms আরও কত কি? বাইরে Viewing pointsএ বসার জন্যে chair আর দূরে দেখার জন্যে কতগুলো Telescope রয়েছে। ওখান থেকে সিঁড়ি বেয়ে নীচে নেমে আসলে একটু দূরেই দেখা যাবে বিশ্বের প্রতীক, এখানকার আদিবাসীদের খোদাই করা চারটে কাঠের প্রতিমূর্তি চারদিকে মুখ করে দাঁড়িয়ে আছে। ধ্বংসাতারার রক্ষক, ভল্লুক, দাঁড়িয়ে আছে উত্তর দিকে মুখ করে। পূর্ব দিকে মুখ করে আছে একটা শকুন। আদিবাসীদের বিশ্বাস যে শকুনই পৃথিবীতে আলো নিয়ে এসেছে। দক্ষিণ দিকে মুখ করে দাঁড়িয়ে আছে সিংহ, আদিবাসীরা বলে “Fire Cat”. দক্ষিণদিকে সূর্যের তাপ বেশী পড়ে। পশ্চিম দিকে মুখ করে আছে একটা মাছ। আদিবাসীদের কাছে মাছ জলের প্রতীক। হাজার হাজার বছর ধরে Whistlerএ “Coast Salish” নামের আদিবাসীরা বাস করত। এখনও প্রতি বছর আগস্ট মাসে এখানে আদিবাসীদের একটা সাংস্কৃতিক উৎসব হয়, যাকে বলে “Weetama”. অনেক পরে “Settlers”রা যখন বাইরে থেকে এখানে এসে হাজির হয় তখন তারাই এই জায়গাটার নাম দেয় Whistler, কারন সেই সময়ে এখানে অনেক mermots ছিল যাদের ডাক whistling করার মত শোনাতে।

বহুদূরে নীচে দেখা যায় villageটা। আলোছায়ায় ঢাকা। কি সুন্দর, কি পরিচ্ছন্ন আর রঙীন লাগছে। যেন সদ্য ইস্ত্রী-করা জামাকাপড় পড়ে রোদ পোয়াচ্ছে। দেশের গাঁয়ের কথা মনে পড়ে যায়। ধূলা-কাদা-মাটি, জমিতে লাঙ্গল দিচ্ছে চাষী, গ্রীষ্মের প্রখর রোদে পুড়ে-যাওয়া শীর্ণ মানুষের মুখ। মনটা যেন কেমন করে ওঠে। বোধহয় মাটির টান!

নয়ন সম্মুখে তুমি নাই

শ্রী নারায়ণ চন্দ্র সিংহ

ইংরাজি ২০০৩ সালের ১২ই জানুয়ারী আমার জীবনের পরম শোকাবহ একটি দিন। ঐ দিন সন্ধ্যায় সাতটা নাগাদ আমার স্ত্রী ইহজীবনের শেষ নিঃশ্বাস ত্যাগ করে মৃত্যুর শান্ত শীতল ত্রেনেড়ে চলে পড়েন। লোকে সান্ত্বনা দেবার জন্য বললেন, উনি পরলোকে চলে গেলেন! গত তিন মাস ধরে তিনি দারুণ ভুগছিলেন - “গল-ব্লাডারে” স্টেটন হয়েছিল, মেজর অপারেশন ছাড়া শরীরের সুস্থতা ফিরিয়ে আনা সম্ভব ছিল না। স্থানীয় ডাক্তারবাবুর দ্বারা বাড়িতে মাসাধিক কাল ট্রিটমেন্ট করা হ’ল; তারপর অপারেশন করার উদ্দেশ্যে তাঁকে “আনন্দলোক” নাশিং হোমে ভর্তি করা হয়। সেখানে নানা প্রকার বিরূপ প্রতিক্রিয়া শরীরে আত্মপ্রকাশ করে, তার মধ্যে জন্ডিস দেখা দিল। সুদক্ষ অসুপ্রচিকিৎসক সে অবস্থায় হুরি ধরবার সাহস পেলেন না। সেখানে দেড় মাস থাকার পরে কোলকাতা পি.জি. হাসপাতালে তাঁকে আনা হ’ল। নতুন পরিবেশ, নতুন সুদক্ষ ডাক্তার, তবুও আশার আলো জ্বললো না। অকারন অপেক্ষার অবসান ঘটলো সেই চরম দিনে, ১২ই জানুয়ারী সন্ধ্যা সাতটা। আমার জীবনের প্রদীপটি নিভে গেল।

মহা শূন্যতা; এক অবর্ণনীয় অবস্থা আমার। সমস্ত পৃথিবী আমার কাছে দুঃসহ হয়ে উঠলো। কে যেন আমাকে গ্রাস করে নিয়ে গেল অপার্থিব জগতে। প্রতিদিনের বাস্তব সহজ জীবন হারিয়ে গেল নতুন অনুভূতির অন্ধকারে। যিনি সর্বদা চক্ষের সম্মুখে বিরাজ করতেন, তিনি নেই; তাঁকে আর জীবনে দেখতে পাবো না। শোকে তিনি ছিলেন সান্ত্বনা। দুঃখে যখন ভেঙ্গে পড়তাম তিনি প্রেরণাদাত্রী হয়ে সাহস যোগাতেন। জীবনে যে সমস্ত সমস্যার সমাধান করতে অপারগ হতাম, আপন বুদ্ধি দিয়ে তিনি সমস্ত জটিলতার অবসান ঘটাতেন। মহাকবি কালিদাসের ভাষায় তিনি ছিলেন ললিতে সচিব। শক্তির সাগর। আমার অপূর্ণতার মুক্তিকামি পূর্ণতা।

অতি সাধারণ ঘটনা, অতি সাধারণ কথাবার্তা, অতি তুচ্ছ ব্যবহার, অতি সাধারণ আচরণ - যোগুলি মনের গহনে বিশেষ দাগ কাটেনি দীর্ঘ বিবাহিত জীবনের দিনগুলিতে, এখন যেন সেই সব কথা, সেই সব আচরণগুলি মনের আকাশে দীপ্তিময় রেখা ও হ্রস্ব ফুটে উঠতে আরম্ভ করলো। প্রতিটি স্মৃতি যেন হবি হয়ে সিনেমার পর্দায় ভেসে বেড়াতে লাগলো। টুকরো কথা কিন্তু সে আর তুচ্ছ নয়, সাধারণ ঘটনা কিন্তু সে আর ভোলবার নয় - তারা সবাই অমূল্য, সবাই বরনীয়। সামান্য একটু হাসির ইঙ্গিত, তাঁর চাপল্য, ঠাট্টা-মস্করা, তাঁর নয়নের বঙ্কিম রেখা মনের ক্যানভাসে যেন এই মেঘ এই ছায়ায় খেলা। কখন বৃষ্টি, কখনও কালবৈশাখী ঝড়। হারানোর মধ্যে প্রাপ্তির হলনা। যা ছিল সহজ, সেটি হ’ল পরম নিবিড়, দুর্বোধ্য, কঠিন। কত কথা অনুক্ত ছিল আজ তা মনের সর্বদক্ষে বাস্তব হয়ে ফুটে উঠবার জন্য উন্মুখ হয়ে বেরুতে চাইছে।

বৃহদারণ্যক উপনিষদে ঋষি যজ্ঞবল্ক্য প্রিয়তমা স্ত্রী মৈত্রেয়ীকে বললেন, “হে প্রিয়ে, আমি এখন যে কথাগুলি বলবো তার প্রতি মন সংযোগ কর। পতির জন্যই যে পতি জায়ার প্রিয় হন, তা নয়; আত্মার জন্যই পতি প্রিয় হন - আত্মনস্ত কামায় পতিঃ প্রিয়ো ভবতি। জায়ার জন্যই জায়া যে পতির প্রিয়া হন তা নয়; আত্মার জন্যই জায়া প্রিয়া হন - আত্মনস্ত কামায় জায়া প্রিয়া ভবতি। আত্মাকে জানতে হবে - The Self, Maitreyi, is to be known. Hear about it, reflect upon it, meditate upon it. By knowing the Self, my beloved, through hearing, reflection, and meditation, one comes to know all things. আত্মা বা অরে দৃষ্টব্যঃ;

শ্রোতব্যো, মন্তব্যো, নিদিধ্যাসিতব্যো । “

যে স্ত্রী এত প্রিয়, যে পুত্র এত আদরের, সে ছেড়ে গেলে এত দুঃখ হয় কেন ? কেন শোকের ছায়া নেমে আসে ? মন আত্মপ্রয়োজনে আত্মাকে সন্ধান করেন বলে । যাকে ভালো বেসেছি তাকে আমার-ই “আমি”, তোমার-ই “তুমি” বলে জানতে পারিনি বলে । শ্রীশ্রীঠাকুর রামকৃষ্ণ দেব বললেন, শূদ্ধ মন এবং শূদ্ধ আত্মা একই - আত্মা শূদ্ধ মনেরই গোচর । কি করে মন শূদ্ধ হবে ? পরম পূজ্যপাদ মাস্টার মহাশয় বললেন, শাস্ত্র পড়ার উপযোগীতা হ’ল, পড়তে পড়তে শাস্ত্র মুখস্থ হয়ে অন্তঃস্থ হ’য়ে যায় । সে কারনে কি আমার শাস্ত্রের কথা মনে এল ?

শোক, দুঃখ, বেদনা, হাসি, আনন্দ বাস্তব জীবনের অঙ্গ । এরা ইন্দ্রিয়গ্রাহ্য অনুভূতি । এরা এক একটি বর্ণমালা- মনের সাগরে তরঙ্গ হয়ে আত্মপ্রকাশ করে । তীব্রতা যত বাড়ে, তরঙ্গের কম্পনও তীব্র হয়ে সাগরের অন্তরলোকে যাত্রা করে । একটি বর্ণের সঙ্গে আরেকটি যুক্ত হয় । ক্রমশঃ সেটি বাক্য এবং ভাবে রূপ পরিগ্রহ করে । এ এক পরম অভিজ্ঞতা । সঙ্গীতসাধক যেমন শব্দবর্ণ জুড়ে রাগ রাগিনীর আরাধনা করেন, এবং পরিণতিতে শূদ্ধমন লাভ ও আত্মাতে সমাধিস্থ হতে পারেন ।

অভিজ্ঞতাগুলিই জীবনের পরম ধন, পরম সঞ্চয় । এগুলি চাপা দিয়ে বিস্মৃত স্মৃতি করে রাখার নয় । কার্য ও কারণ মিলে এই অনুভূতি বাস্তব জীবনের তরঙ্গাঘাতজাত অভিজ্ঞতা । বিচারের মাধ্যমে জড় শরীরের অভিজ্ঞতা ক্রমশ আত্মস্থ হয় । চঞ্চল মন ধ্যান-যোগ লাভ করে । সাধারণ মানুষ সাধক হয়ে ওঠেন । জীবনের অনুধ্যানগুলি চেতনার স্তরে যেন এক একটি পুষ্পস্তবক । যখন মালা গাঁথা পূর্ণ হবে, আন্তর মানস ক্রমশ নিঃশব্দ ও পরিস্কার হয়ে উঠবে । এই ভাবেই সত্যস্বরূপের উপলব্ধি হয় । শোকে মানুষ মুহ্যমান হয়, আবার এই অনুভূতির অনুধ্যানে সে সাধকের শান্তি উপলব্ধি করতে পারে । যে নয়নে আত্মাকে দেখা যায়, সেই নয়নে আমরা প্রয়াত আত্মাকে দেখি । এবং সমবেত হয়ে প্রয়াত আত্মার উদ্দেশে শ্রীভগবানের শ্রীচরণে শান্তি প্রার্থনা করি । আর তখনই বলতে পারি

নয়ন সন্মুখে তুমি নাই,
নয়নের মাঝখানে নিয়েছ যে ঠাঁই ॥

[আগমনী, পূজা সংখ্যা ২০০৩ সাল]
উইনিপেগ, কানাডা

Journey

Soubhik Maiti

As the flat aerodynamic Rock is released from the hand
the Rock propelled by fury, grit and will
it slowly loses vertical trajectory
and lands on the cold hard surface of the shimmering water beneath it

The Rock winces and leaps
fiercely trying to escape the cold sharp claws that wrestle to grasp it
but again it's dragged down by the relentless might of gravity
from beneath it devours


Yet still the Rock struggles
jumping and leaping, yearning for life
resisting the alluring, mesmerizing calls from the depths

fighting to stay afloat of the cold confines
of the deep dark depths of abyss beneath

The frantic dance atop the sparkling water slows
it's energy fading as it loses strength and will

and when the Rock's energy is all but gone
and all hope seems lost

the Rock reaches the beautiful Summer Sunset



"Warm Hugs Of Autumn"

Taniya Biswas

The Sun retreats into this vast horizon,
as the blanket of evening comforts & envelops us in its cozy embrace.

The world in front of us changes, as does the season.

Trees and yards reflect the colours of warmth:
Red, orange, yellow, gold, brown and bronze shimmers with its glow.

Children shiver and hug themselves as they walk,
facing the brisk chill of the early morning.

Leaves form mountains on the lawn, as you rake in the vibrance.
Cocoa is shared, as are stories with friends.
Fires burn in the hearth of homes.
Warmth surrounds you,
Beckons you nearer.
Comfort & Peace
Friends & Family
Love.
Warm Hugs Of Autumn.

शुभ दीपावली का हार्दिक अभिनन्दन



INDIA PALACE RESTAURANT

770 Ellice Ave., Winnipeg, MB

Ph: 774-6061

Open 11:00 a.m. to 10:00 p.m.

Serves a Meal Royally Fit for a Maharaja

- Catering for All Occassions
- Lunch and Dinner Buffet 7 Days a Week
- Sweets are Available All the Time
- Dosa and Sambar available on request
- Dine-In, Take-Out and Delivery Service on Request

We Welcome You To The India Palace

Ashoke Dasgupta

1. Ohh...aaj aar bolben naa!
2. Chol...ektaa biri phunke aashi!
3. Thak thak dada o sob jana ache
4. Minibus-e aajkey jaa ek jinish dekhlaam naa !
5. Khokaaa...duto chhoto chaa...aamaar tabil-e.
6. Ei "PAL"daa...office e ghumochchhen keno? Kaal boudi kau round koriyeche?
7. Kaal World Cup semifinal..aami baba office-e aaschhi naa.
8. Peyaj-er daam 30 taakaa...Shaalaa gobment-o hoyechhe!
9. Boro shaahab ke kaal jaa tight diyechhi naa !
10. Ebaar Baanglaa Bandh-ta aabaar Budhbaar daklo keno? Shombaar holei to bhaalo hoto. Lomba chuti pao a jeto.
11. Achchhha daadaa, Pay Commission-er report ki aamaader-o affect korchhe?
12. Chhoto chheleaar aabaar kodin dhore aamaashaa.
13. Aaj taaraatari beriye bhaabchhi 4 te er Noihaati Locaal-taa Dhorbo.
14. Aare moshaai Open Economy-Teconomy diye kissoo hobe naa .. industrial revolution chaa.
15. Ei je dada Gari kore jachchen bole ki bhabchen? Amra ki manus noi naki dada?
16. Ei je besi kotha noi, Dhore Kelie debo.
17. Ei je dada ! boudir sindur er khyal rakhben... handle dhore oto jhulben na.

INDIA SPICE HOUSE & VIDEO

KNOWN FOR:

- WEST AND EAST INDIAN GROCERY AND SPICES
- FRESH TROPICAL VEGETABLES EVERY WEEK
- NEAR AND CLEAN DAALS, SPICES AND SELECTIONS IN BASMATI RICE
- WIDE SELECTION IN PICKLES, CHUTNEYS, READY TO EAT FOODS AND SNACKS
- FRUIT FLAVORED MANGO, MALAI, PISTA ICE CREAM AND KULFI
- ALWAYS AVAILABLE TANDOORI NAAN, MASALA NAAN, ONION NAAN, MUGLAI AND KULCHA NAAN, PANI PURI, READY TO EAT SAMOSAS AND SPICY CHASEWS

LARGEST INDIAN DVD AND MOVIES STORE IN MANITOBA

- (OVER 2000 DVD TITLES TO CHOOSE FROM)
- WIDE SELECTION IN HINDI, PUNJABI AUDIO AND CD'S
- SPECIAL RENT 3 DVD'S FOR 5 DAYS FOR 5.99 (REGULAR TITLES)
- VISIT STORE FOR SELECTION AND LATEST RELEASES

Now two locations to serve you:

3-1875 PEMBINA HWY - WINNIPEG
PHONE: (204) 261-3636

66-MANDALAY DRIVE (MAPLES)- WINNIPEG
PHONE: (204) 261-4600

STORE HOURS

MON TO SATURDAY 10AM - 8PM

SUNDAY AND HOLIDAY 12PM - 5PM

A & W

PEMBINAHWY

STORE

THE SCAR

Kamal Malaker

Sitting and chatting with my lab partner Edward (Ed.) at Dana Farber Hospital in Boston, we were trying to determine work strategies for the following months. Ed. seemed to be restless, and it seemed as though he wasn't really paying attention to what I had to say, even though he was looking at me so intently. Suddenly, I felt a hard slap on the right side of face. I could not have been any more startled. As quite, soft, and gentle as Ed is, I could not imagine, what I might have said that provoked him to act so brutally. He stood up and apologized for hurting me, but appeared satisfied. I could not control my curiosity. I said "Ed! It seems to me that your Columbian blood has taken over you." (Ed is a French Columbian, who immigrated to the states, as a student and established himself as a prominent research biologist). Ed started to speak, "Kamal! Tell me how you could stand that." "What?" I replied. "I have been watching you precisely for the last 60 seconds." "What is it that you have been watching?" I asked. "You mean you didn't feel it?" Feel what?" I asked. "The Fruit fly that was digging into your lip for the last minute, how can you say you didn't feel anything?" Ed himself was feeling uneasy, and felt the sting of the stupid fly as if it were on his own lip. You mean to tell me that you didn't feel it?" "No" I said. Apparently from the lab next door, where Jim Sanderson manipulates Fruit fly Genes for his research, the cage was left open and many escaped causing havoc on the entire floor. That was yesterday, some of those genetic creatures were still flying around, and it appears that one of them found the right side of my upper lip to be a perfect resting place, absolutely unperturbed by its host that is I. Ed thought I was either unaware or deeply engrossed in working out the strategies for the following months. He was worried, whether it was one of Jims genetically engineered creature about whose biology, Jim was still exploring, and what that creature might engineer into to my health. I was surprised to hear this from Ed, but I was totally unaware.

Suddenly my mind flashed back more than thirty years ago in Sierra Leone, a British crown colony in West Africa, where I went to work as a medical officer. As soon as I finished medical school in Calcutta, the lure of Africa and the thirst for adventure pushed me into the Dark Continent. Sierra Leone is one of the places which was known as 'white men's grave'. Still that did not cause any dent in my enthusiasm for adventure. I was not "white" any way. I was very young indeed. Malaria, Yellow fever, Tsetse flies, Tumbu, the human skin dwelling parasites, Bilharzias, snakes, Pythons, Greezles, venomous scorpions, Cannibals all around. Still one fine morning I disembarked onto the passenger's jetty at free town harbor on a Mail boat, APAPPA from Liverpool England. The reception from the countries chief medical officer was warm. There I met my life long mentor Dr Bidyut Guhathakurta, a medical specialist at Connaught hospital in free town. After few months of acclimatization Dr Boardman the chief medical officer felt it would be OK for me to take charge of a district as District medical officer. I was happy to learn that. In fact at that point in time my father was a civil surgeon, equivalent to a district medical officer, and I was exceptionally proud of myself. I was waiting for the order to take charge. The order came that I should take charge of the district of Kailahun, bordering Liberia. Bidyutda was very upset to see me parceled off to the worst district in the country. I told him, "Bidyutda! To me if it is not Calcutta, it is the same everywhere. I shall be OK." So I set out from Freetown, the country's capital, to the remotest district to take charge of their all-medical needs, I was barely 23 at that time. My first night's ordeal as the medical suprimo in the town was to deal with the powerful tribal chief's eldest daughter's obstructed labor. That is another memory, which indeed shaped my days in Sierra Leone. That story I will tell you at a later date. But today let us stick to Ed's slap on my right cheek.

As the district medical officer, I had few vehicles on my disposal. I had a Land Rover, which I could have used for my personal use, but I did not. Previous DMO's all used the official cars for personal use. The point was, I had no driving license and I did not want to be dependent on the official Driver. I also wanted to be able to drive anywhere I wanted, without being escorted. Mind you! My official driver, Mommoh Conthe was more than willing to do just that. Anyway the news that I am searching for a car spread all through the district. A couple of days into my stay in Kailahun, one afternoon, as I was leaving the hospital our Nursing superintendent, sister Eleanor Thomas, a sierraleonean trained in England, introduced me with a German gentleman. Sister Thomas was tall, smart, and rather heavily built, with an overpowering personality, but generally a soft-spoken lady, a pressbritarian Christian. The gentle man with her had a Germanic English accent. Sister said "This is Dr Ehiemar, the chief surgeon at the Nixon Memorial missionary hospital." Later I gathered that Nixon memorial hospital was a well equipped, well staffed, well run missionary hospital, built by a German mission nearly fifty years ago, far inside the deep equatorial forest of Sierra Leone, about 60 Km to the north west of Kailahun. Like Nordic "no nonsense" approach, after the introduction, he asked me straight, if I would be interested in buying his Volkswagen, which is only two years old. He brought the car with him from Germany and wanted to sell it since he had to return home within days. It was a yellow Volkswagen beetle. In spite of two years of bush trekking, it looked good. Sister Thomas was looking straight at my eyes, trying to tell me something. I looked at the car, liked it and drove around in town and almost instantly fell in love with it. I asked Dr Ehiemer about the price. He said One hundred Leone, which is about the same in British pounds. That was just about my one-month's salary. He looked at me, said, if you like the car and want to keep it, we can work out the payments. In the mean time Mommoh Conthe, my driver started a thorough check on the car, looking at the teeth, the gums, the eyes, the ears, pulling the hairs, pinching the skins, looking at the arm-pits, examining the gait just like future mother-in-laws in Calcutta check their prospective daughter-in-laws. Mommoh seemed to be very happy. In the mean time sister Thomas had already crossed the street and went to the Police Superintendent's office and brought him to my office by his collar. I had met him just a couple of days ago, and he seemed to be a nice and polite gentleman. Superintendent Bisshe, said, "Doc! Sister says you may be interested in buying this car. Don't worry about the driving License. I will take care of that. If you want I can do the transfer now. Since all transfers of car ownership must be done through the police, which normally takes weeks of paper works and also some unofficial "taxation" for fast track processing." I agreed. In fifteen minutes Superintendent Bisshe returned with his "Head Clerk" and a thick Ledger and some papers. I was asked me to sign here and there including a couple of my thumbprints. Sister Thomas and Superintendent Bisshe, both congratulated me for being the new owner of a Volkswagen beetle. I was awestricken, especially since I had no License to Drive, and no money to pay. How could I be the owner of a car? This is just within one week of my arrival in Kailahun. Dr Ehiemer then whispered in my ear said payments could be made whenever I was able, I was told to send it to his address in Germany, and gave me his address and phone number. Sister Thomas volunteered to take charge of fund repatriation and save me the hassles of going to the post office to do the same. That was a very happy ending. I invited all my staff at my quarters for an evening of merry making. Again Sister Thomas took charge of the entire evening, from food to music, the dancing and seeing the last guest depart around 2 am in the morning. The next day being a Friday, all the staff wanted a half day off, and I complied. Later sister Thomas confided to me that she had gone looking for a car for her brother who was expected to return from England with his English wife to join Sierra Leone civil services, as a deputy district officer. But it was still a few weeks until her brother arrived, so she wanted me to buy the car if I liked. She said she bargained with the doctor to the price and he agreed to sell. This car can easily be sold for 200 Leone, double the price at which he wanted to sell it to me.

For the next few days, I drove into the bushes, into the countrysides, along the riverbanks, up and down the hills, ferried the car across in and out of the mighty Sierra Revera River and where ever my four

